# ডিজিটাল সার্ভিস








## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

www.bpdb.gov.bd

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

মহামান্য রাষ্ট্রপতির আদেশ (ধারা ৫৯) বলে তৎকালীন ওয়াটার এন্ড পাওয়ার ডেভেলপমেন্ট অথরিটি (ওয়াপদা) বিভক্ত হয়ে ১৯৭২ সালের ৩১ মে থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর যাত্রা শুরু হয়।

গত পাঁচ দশক ধরে বাংলাদেশের জনগণের সেবায় নিয়োজিত এই প্রতিষ্ঠানটির নেতৃত্বে দেশের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৯৭২ সালের ৫০০ মেগাওয়াট থেকে আজ ২৫ হাজার মেগাওয়াটের মাইলফলক অতিক্রম করেছে। বর্তমানে বিউবো'র বিদ্যুৎ গ্রাহক সংখ্যা ৩৫ লক্ষ ছাড়িয়ে গেছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে ব্যাপক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে।

## বিউবো'র ডিজিটাল সার্ভিসসমূহ

### অটোমেটেড মিটার রিডিং (এ এম আর) সিস্টেম

এই পদ্ধতিতে মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন দপ্তরে স্থাপিত কেন্দ্রীয় সার্ভার হতে ডিপিডিসি, ডেসকো, পবিস, ওজোপাডিকো, পাওয়ার স্টেশন (১৩২/৩৩/১১ কেভি) এর মিটারসমূহ এবং চট্টগ্রামস্থ কিছু ইএইচটি শ্রেণির গ্রাহকের মিটার রিডিং নেয়া হয়। এই পদ্ধতিতে বাংলাদেশে স্থাপিত যে কোন মিটারের ডাটা স্বয়ংক্রিয়ভাবে নেয়া সম্ভব। ফলে গ্রাহক আঙ্গিনায় গিয়ে মিটার রিডিং নেয়ার প্রয়োজন পড়ে না। এর সুবিধাদি নিচে দেয়া হল ঃ

* বিউবোর কেন্দ্রীয় সার্ভার হতে ইউটিলিটি (ডিপিডিসি, ডেসকো, পবিস, ওজোপাডিকো, নেসকো) এর মিটারসমূহ ও চট্টগ্রামস্থ কিছু ইএইচটি শ্রেণির গ্রাহকের মিটার রিডিং নেয়া হয়।
* সার্বক্ষণিকভাবে পাওয়ার স্টেশন ও সাব-স্টেশন (১৩২/৩৩/১১ কেভি) মিটার স্ট্যাটাস, এনার্জি মিটার রিডিং গ্রহণ ও অন্যান্য মিটার উপাত্ত মনিটর করা যায়।
* ১৩২/৩৩/১১ কেভি সাব-স্টেশন ও পাওয়ার স্টেশনে স্থাপিত এনার্জি মিটারের রিডিং স্বয়ংক্রিয়ভাবে কেন্দ্রীয় সার্ভারে ডাউনলোড করা হয় এবং ডাটা সংরক্ষিত থাকে।
* প্রতিমাসে কেন্দ্রীয় সার্ভারে সংরক্ষিত উপাত্ত হতে ইউটিলিটি বিল (ডিপিডিসি, ডেসকো, পবিস, ওজোপাডিকো, নেসকো) প্রদান করা হয়।
* পাওয়ার স্টেশন ও সাব-স্টেশনের মিটার উপাত্ত সার্ভারে থাকে বিধায় যে কোনো সময়ের ট্রান্সমিশন লস, সাব স্টেশনের বাস লস ইত্যাদি নির্ধারণ করা সম্ভব হয়।
* মিটার রিডিং গ্রহণ ও বিল প্রস্তুত স্বয়ংক্রিয়ভাবে সম্ভব বিধায় বিলিং কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করা যায়।

### Snapshot এর মাধ্যমে মিটার রিডিং গ্রহণ

* এ পদ্ধতিতে মিটার রিডারগণ গ্রাহক আঙ্গিনায় স্থাপিত মিটারের নিকটে যেয়ে মোবাইল ফোনের মাধ্যমে মিটার রিডিং এর ছবি তুলে সরাসরি বিলিং সার্ভারে upload করে থাকেন।
* গ্রাহকের সঠিক ও নির্ভুল রিডিং প্রাপ্তির নিশ্চয়তা থাকে।
* বিদ্যুৎ বিল প্রস্তুত করতে কম সময় লাগে বিধায় গ্রাহক পূর্বের তুলনায় কম সময়ে বিদ্যুৎ বিল পেয়ে থাকেন।
* Radio Frequency Identification (RFID) এবং Quick Response (QR) ট্যাগের মাধ্যমে মিটারের নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে।
* এতে বিদ্যুৎ বিল কম বা বেশী করার কোন সুযোগ থাকে না।
* এর ফলে বিউবো'র রাজস্ব আদায় ও গ্রাহক সেবার মান বৃদ্ধি পাচ্ছে।

### কম্পিউটারাইজড বিলিং ও কাস্টমার একাউন্টিং সিস্টেম

* নির্ভুল বিল দ্রুত সময়ে প্রস্তুত করা হচ্ছে এবং বিল পরিশোধের হার বেড়েছে।
* সিস্টেম লস পূর্বের চেয়ে হ্রাস পেয়েছে এবং এ ধারা অব্যাহত আছে।
* বিউবো'র গ্রাহক বরাবরে বার্ষিক বিল পরিশোধ/বকেয়ার সার্টিফিকেট প্রদান করা হচ্ছে।

### মোবাইল ফোনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ (বিল-পে)

* সপ্তাহে ৭ দিন বছরে ৩৬৫ দিন যে কোন সময় বিল পরিশোধ করা যায়।
* সার্ভিসটি স্বয়ংক্রিয় হওয়ায় বিলিং লেজার অটোমেটিক হালনাগাদ হয়ে যায়, ফলে বিল পেমেন্ট ডাটা এন্ট্রির কোন প্রয়োজন হয় না।
* বিউবো'র মোট গ্রাহকের মধ্যে প্রায় এক তৃতীয়াংশ গ্রাহক মোবাইল ফোন অপারেটর ও বিকাশ/রকেট এর মাধ্যমে বিল পরিশোধ করেন। ক্রমাগতভাবে এই প্রক্রিয়ার মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধের পরিমাণ বাড়ছে।

### প্রি-পেইড মিটারিং কার্যক্রম

বিউবো'র বিতরণ অঞ্চলসমূহের (চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট ও কুমিল্লা) ১৪ লক্ষ গ্রাহক বর্তমানে প্রি-পেইড মিটারিং কার্যক্রমের আওতায় এসেছে। এতে গ্রাহকদের বিদ্যুৎ বিল সংক্রান্ত যাবতীয় অভিযোগ দূর করার মাধ্যমে গ্রাহক সেবার মানোন্নয়ন হয়েছে। বিদ্যুতের মূল্য অগ্রিম আদায় হয় বিধায় বিউবো'র রাজস্ব আদায়ের গতি তরান্বিত হয়েছে। এই কার্যক্রমে আওতায় গ্রাহকগণ নিম্নোক্ত সুবিধাদি ভোগ করে থাকেন ঃ

* বিল পরিশোধ ও বকেয়া বিলের ঝামেলা নেই।
* বিউবো'র ভেন্ডিং স্টেশন ও নির্ধারিত ব্যাংকে অফিস চলাকালীন মিটার রিচার্জ করা যায়।
* থার্ড-পার্টি মোবাইল অ্যাপ এর মাধ্যমে মিটার রিচার্জ করা যায়।
* যতটুকু ব্যবহার ততটুকু বিল, কোন মিনিমাম চার্জ নেই।
* বিদ্যুৎ ট্যারিফে ১% রেয়াতের সুবিধা আছে।
* ইমার্জেন্সি ব্যালেন্স নেবার সুবিধা আছে।

### ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন

* আন্তঃ দাপ্তরিক যোগাযোগ সহজ ও দ্রুত হয়েছে।
* অধিক সংখ্যক কর্মকর্তা/কর্মচারীকে আলোচনায় অংশগ্রহণ করানো সম্ভব হয়েছে।

### স্টোর কম্পিউটারাইজেশন -এর কার্যক্রম গ্রহণ

* মালামাল চাহিদা/বরাদ্দ অনলাইনে দেয়া যায়।
* অনলাইনে মালামালের স্টক পজিশন জানা যায় ও বরাদ্দ দেয়া যায়।

### বিতরণ ব্যবস্থায় SCADA (Supervisory Control And Data Acquisition) System চালুকরণ ও e-SCADA এর মাধ্যমে লোড ব্যবস্থাপনা

চারটি বিতরণ জোনের মধ্যে SCADA Network স্থাপনের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে।

### GIS Mapping কার্যক্রম গ্রহণ

* চারটি বিতরণ জোনের (সিটি কর্পোরেশন এলাকা ব্যতিত) ৩৩/১১ কেভি সাব-স্টেশন, ১১/০.৪ কেভি ট্রান্সফরমার, ৩৩ কেভি লাইন, ১১ কেভি লাইন, ৩৩ কেভি ফিডার, ১১ কেভি ফিডার, ১১ কেভি সুইচিং স্টেশনের ভৌগলিক অবস্থানসহ বিভিন্ন প্রয়োজনীয় তথ্য সমৃদ্ধ ডাটাবেইজ তৈরী করা যাবে।

* বিউবো'র ভৌগলিক সীমানা Confirm Area Demarcation করা যাবে।

* উক্ত ডাটাবেইজ ব্যবহার করে ডিস্ট্রিবিউশন এনালাইসিস সফ্টওয়্যারের মাধ্যমে ডিস্ট্রিবিউশন সিস্টেমের বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ চাহিদা নির্ণয় করা যাবে।

### আইপি সার্ভিলেন্স সিস্টেম স্থাপন

* ক্যামেরাগুলি আইপি প্রযুক্তির হওয়ায় বিদ্যুৎ কেন্দ্র বা যেকোন স্থান হতে নিরাপত্তা ব্যবস্থা মনিটর করা যাচ্ছে এবং গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা জোরদার হয়েছে।
* দুর্ঘটনা ঘটে গেলে কেন্দ্রীয় স্টোরেজে সংরক্ষিত ভিডিও ফুটেজ তদন্ত কাজে সহায়তা করছে।

### KPI Software বাস্তবায়ন

বিদ্যুৎ বিভাগ ও বিউবো-এর মধ্যে সম্পাদিত চুক্তির আলোকে ১০টি KPI সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপমেন্ট ও বাস্তবায়নের কাজ সম্পন্ন হয়েছে।

### ERP (Enterprise Resource Planning) কার্যক্রম গ্রহণ

* **ERP** সফ্টওয়্যারটি মূলত মানবসম্পদ ও একাউন্টস ফিন্যান্স ভিত্তিক। চারটি মডিউলের (Human Resources, Fixed Assets, Procurement and Financial Management) মাধ্যমে Enterprise Resource Planning Software for Power Division শীর্ষক প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

* **ERP** কার্যক্রম বাস্তবায়িত হলে নীতি-নির্ধারণী পর্যায়ে দ্রুত ও কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ করা সহজ হবে, মানব সম্পদ ও একাউন্টস-ফিন্যান্স ব্যবস্থাপনায় নিয়োজিত সকলকে সমন্বিত তথ্য ভাণ্ডার ব্যবহারের মাধ্যমে দৈনন্দিন কার্যাবলী ডিজিটাল প্ল্যাটফর্মে সম্পাদন সম্ভব হবে।

### ডাইনামিক ওয়েব সাইট

বিউবো'র ওয়েব সাইটে নিম্নলিখিত বিষয়গুলি জানা যায়ঃ

এক নজরে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সামগ্রিক তথ্য, ওয়েবে জাতীয় পর্যায়ের দৈনিক বিদ্যুৎ উৎপাদন, চাহিদা ও ঘাটতি, বিদ্যুৎ উৎপাদনের ডাটাবেইজ নির্ভর বিষয়ভিত্তিক তথ্য, বিদ্যুতের প্রকল্প বিষয়ক তথ্য, প্রতিষ্ঠানের আর্থিক বিবরণ, নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগপত্র, আবেদন ফরম ইত্যাদি, বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, উৎপাদন, বিতরণ পরিকল্পনা ও উন্নয়ন, Renewable Energy & Solar Panel সম্পর্কিত তথ্য, বাণিজ্যিক পরিচালন, প্রশাসন, বিউবো'র কর্মকর্তাদের তালিকা, বোর্ড সংক্রান্ত তথ্য ও বিভিন্ন হাল-নাগাদ নোটিশসহ সব ধরনের টেন্ডার নোটিশ ও ডকুমেন্ট, বিভিন্ন বিদ্যুৎ প্রকল্পের অগ্রগতির তথ্য, 'বিদ্যুৎ বার্তা', বার্ষিক প্রতিবেদন, ফেসবুক ইত্যাদি।

## টেন্ডার নোটিশ ও ডকুমেন্ট ওয়েবসাইটে প্রকাশ

* আগ্রহী ঠিকাদারগণ ওয়েবসাইট থেকে টেন্ডার নোটিশ ও ডকুমেন্ট সংগ্রহ করতে পারেন।
* সরকারি ক্রয় প্রক্রিয়ার স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে।

## ই-টেন্ডারিং এর কার্যক্রম

* ওয়েব পোর্টালে টেন্ডার নোটিশ, ডকুমেন্ট পাওয়া যায়।
* দরপত্র মূল্যায়ন দ্রুত ও সহজতর হয়েছে এবং প্রতিযোগিতা বৃদ্ধি পেয়েছে।
* সরকারি অর্থের অপচয় বহুলাংশে হ্রাস পেয়েছে।

## ই-ফাইলিং কার্যক্রম গ্রহণ

বিউবোতে ই-ফাইলিং কার্যক্রম চলমান আছে। এর ফলেঃ

* কাজের গতি বাড়বে এবং মনিটরিং সহজ হয়েছে।
* সমতা ভিত্তিক কার্য বন্টন করা যায়।
* বিউবো'র প্রশাসনিক কর্মকাণ্ডের স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে ।

## অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ

* বিদ্যুৎ অফিসে না গিয়েও গ্রাহক ইন্টারনেটের মাধ্যমে বিদ্যুৎ সংযোগের আবেদন করতে পারেন।
* আবেদনপত্র দপ্তরে প্রক্রিয়াধীন থাকা অবস্থায় কাজের অগ্রগতির তথ্য প্রতিটি ধাপে গ্রাহক মোবাইলে এসএমএস বা ই-মেইলে স্বয়ংক্রিয়ভাবে পায়।
* মিটার সংযোগ হলে গ্রাহক ও মিটারের ডাটা স্বয়ংক্রিয়ভাবে বিলিং সিস্টেমে চলে যায়।
* গ্রাহকের ১ম মাসের বিল মাসিক বিলিং সিডিউল অনুযায়ী প্রস্তুত হয়, ফলে সিস্টেম লস কমে এবং রাজস্ব আদায় বৃদ্ধি পায়।

## বিদ্যুৎ বিল ও লেজার ওয়েবসাইটে প্রকাশ

গ্রাহক প্রয়োজন অনুযায়ী বিদ্যুৎ বিল, সার্টিফিকেট ও লেজার-এর তথ্যাদি ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নিতে পারছেন। এর ফলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হওয়ার পাশাপাশি গ্রাহক সেবার মান বৃদ্ধি পেয়েছে।

## অনলাইনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ

* অনলাইনের মাধ্যমে বিল পরিশোধের কার্যক্রম চলমান আছে।
* বিভিন্ন প্রকার কার্ডের (ডেবিট / ক্রেডিট / ভিসা জাতীয় কার্ড / নেক্সাস পে ইত্যাদি) মাধ্যমে বিল পরিশোধ করা যায়।
* ব্যাংকে গিয়ে লাইনে দাঁড়ানোর মত বিড়ম্বনা থেকে গ্রাহকের মুক্তি ঘটেছে।
* সকল চার্জ ও পেমেন্ট এর রেকর্ড থাকে এবং পেপার ওয়ার্ক উল্লেখযোগ্য হারে কমেছে।

## Web Hosting ও Mail Server স্থাপন

* বিউবো'র নিজস্ব Website এর Hosting এবং Mail Server এখন ঢাকা কম্পিউটার সেন্টার থেকে পরিচালিত হচ্ছে।
* Data Center এ একটি Backup Server স্থাপন করা হয়েছে যেখানে Website এর Duplicate Copy সংরক্ষিত হচ্ছে। এতে মূল Server এর Problem হলে Backup Server হতে পুনরায় ডাটা পাওয়া সম্ভব হচ্ছে।







